২০০৭

বাংলা

প্রথম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা | পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বিদ্যাপতি বাঙালি নন তথাপি তাঁকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্ত করা হয় কেন? প্রসঙ্গত তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দিন। ১৫

অথবা

প্রাক্-চৈতন্য পর্বের মনসামঙ্গল কাব্যধারার পরিচয় দিয়ে দু'জন কবির কাব্য-বৈশিষ্ট্য নিরূপণ করুন।

২। মধ্যযুগের বাংলা সাহিত্যে সপ্তদশ শতাব্দীর গুরুত্ব আলোচনা করুন। ১৫

অথবা

শাক্ত পদাবলী কাব্যধারাটির পরিচয় দিয়ে যে-কোনো একজন উল্লেখযোগ্য কবির কৃতিত্ব আলোচনা করুন।

P.T.O.

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন: ৪×৫=২০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে কবীন্দ্রবচনসমুচ্চয় গ্রন্থটির গুরুত্ব কী ?

(খ) কৃত্তিবাসের ‘শ্রীরাম পাঁচালি’র জনপ্রিয়তার কারণ নির্ধারণ করুন।

(গ) বৃন্দাবনের ষড়্‌ গোস্বামীর অবদান সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) ধর্মমঙ্গলকে রাঢ়ের জাতীয় মহাকাব্য বলা হয় কেন ?

(ঙ) ‘মৈমনসিংহগীতিকা’ বাংলা সাহিত্যের ইতিহাসে কেন গুরুত্বপূর্ণ ?

(চ) গৌড়ীরীতির বৈশিষ্ট্য নির্দেশ করুন।

(ছ) ‘শিবায়ণ’-কে মঙ্গলকাব্য বলা যায় কিনা আলোচনা করুন।

(জ) অষ্টাদশ শতাব্দীর দুটি বৈষ্ণবপদসংকলনের পরিচয় দিন।

২০০৭

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা | পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বাংলা উপন্যাস আবির্ভাবের কারণ কী? বিশদভাবে আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা গদ্যের বিকাশে 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত পত্র-পত্রিকার গুরুত্ব নিরূপণ করুন।

২। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে উদ্ভূত বাংলা গীতিকাব্য ধারার পরিচয় দিন। ১৫

অথবা

বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের কৃতিত্বের বিচার করুন।

৩। সংক্ষেপে আলোচনা করুন (যে কোন **চারটি**): ৪×৫=২০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে ১৮৭২ সালটি কোন্ কোন্ দিক থেকে গুরুত্বপূর্ণ?

(খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে মার্ক্সীয় চেতনার যে পরিচয় পাওয়া যায় তার আলোচনা করুন।

(গ) বাংলা গদ্যে উইলিয়ম কেরীর অবদান সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) প্রবন্ধকার বঙ্কিমচন্দ্রের কৃতিত্বের পরিমাপ করুন।

(ঙ) বিষ্ণু দে-র কাব্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করুন।

(চ) 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাসটির বৈশিষ্ট্যের পরিচয় দিন।

(ছ) বাংলা উপন্যাস সাহিত্যে 'চোখের বালি' উপন্যাসটির বিশিষ্টতা কোথায় ?

(জ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলি কি সমকালের বিশেষ কোন প্রভাবে এবং প্রেরণায় রচিত ?

২০০৭

বাংলা

তৃতীয় পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা | পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। মধ্য বাংলা ভাষার কালপর্বটি উল্লেখ করুন। মধ্য বাংলার নিদর্শন কোথায় কোথায় পাওয়া যায় বলুন। মধ্য পর্বের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলির আলোচনা করুন। ১৫

অথবা

বাংলা স্পৃষ্ট ব্যঞ্জন ধ্বনিগুলিকে উচ্চারণ অনুসারে শ্রেণী বিন্যস্ত করুন।

২। বাংলা শব্দ ভাণ্ডারের উপাদানগুলির সম্বন্ধে বিশদ আলোচনা করুন।

অথবা

বাংলা ভাষায় ক্রিয়ার কাল গঠন পদ্ধতি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।

৩। সংক্ষেপে আলোচনা করুন (যে কোনো **চারটি**) :

৪×৫=২০

(ক) পালি ভাষা।

(খ) সংস্কৃত ও বৈদিক ভাষার পার্থক্য।

(গ) ভাষার রূপগত শ্রেণী বিভাজন।

(ঘ) ভাষার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি কী কী?

(ঙ) বাক্য বলতে কী বোঝায়?

(চ) ইন্দো ইরাণীয় ভাষা।

(ছ) সম্মুখ ও পশ্চাৎ স্বরধ্বনি।

(জ) অপিনিহিতি ও স্বরসঙ্গতি।

———

২০০৭

বাংলা

চতুর্থ পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চর্যাগীতির রচনাকারেরা সংসার বিরাগী সাধক কিন্তু তাঁদের রচনায় জগৎ সংসারের বহু প্রসঙ্গ লক্ষ্য করা যায়। —আলোচনা করুন। ১৫

অথবা

চর্যাপদের মধ্যে সাধারণভাবে কী ধরনের রূপক ব্যবহৃত হয়েছে? কতকগুলি ব্যবহৃত রূপক ব্যাখ্যা করে চর্যার কবিদের বক্তব্য পরিস্ফুট করুন।

২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যকে নাটগীতিপাঞ্চালি বলা কতদূর যুক্তিসঙ্গত হবে বিচার করুন। ১৫

অথবা

'রাধাবিরহ' অংশে রাধা চরিত্রে যে বিরহী নায়িকার রূপ প্রকাশ পেয়েছে তা দৃষ্টান্তসহযোগে আলোচনা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন:

(ক) উদ্ধৃতাংশের ব্যাখ্যা লিখুন। ৫

নিসি অন্ধারী মুসার চারা।
অমিঅ ভখঅ মুসা করঅ আহারা॥
মার রে জোইআ মুসা পবণা।
জেঁণ তুটঅ অবণাগবণা॥

অথবা

মাঙ্গত চড়হিলে চউদিস চাহঅ।
কেড়ুআল নাহি কেঁ কি বাহবকে পারঅ॥
বাম দাহিণ চাপী মিলি মিলি মাগা।
বাটত মিলিল মহাসুখ সঙ্গা॥

(খ) উদ্ধৃতাংশের ব্যাখ্যা লিখুন। ৫

বিথর বুয়িলোঁ তোরে কাহ্নের আন্তরে।
তবেঁ বাম করেঁ চড় মারিলি মোহোরে॥
এবেঁ কাহ্নের আন্তরে তোর প্রাণ জাএ।
তাহাক করিব আহ্মে কমণ উপাএ॥

অথবা

সুণ বড়ায়িল। সাদ লাগে কাহ্নাঞিঁ দেখিবারে ॥ নাএ ॥
পিন্ধি বউল পুষ্পের হার। কণ্ঠত কুণ্ডল হিরার ধার॥

(গ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। ৫

চর্যাগীতির 'নির্মল গিরা' টীকার গুরুত্ব আলোচনা করুন।

অথবা

বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাগীতি আবিষ্কারের গুরুত্ব সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যকে বাংলা সাহিত্যের আদি মধ্যযুগের রচনা বলে গ্রহণ করবার যুক্তি কী? ৫

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ব্যবহৃত প্রবাদ প্রবচনের সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।

২০০৭

বাংলা

পঞ্চম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কৃষ্ণদাস কবিরাজ 'চৈতন্যচরিতামৃত'-এর আদি লীলা চতুর্থ পরিচ্ছেদে চৈতন্য অবতারের কোন তত্ত্ব উপস্থাপন করেছেন? এ বিষয়ে পূর্ববর্তী কবিদের সঙ্গে তাঁর পার্থক্য কোথায়? ১৫

অথবা

'পূর্ব্ব পূর্ব্ব রসের গুণ পরে পরে হয়'—বৈষ্ণবীয় পঞ্চরসের সাধন কীভাবে পরিণতি লাভ করে তা কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্য-চরিতামৃত'-এর মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে বিবৃত করুন।

২। 'অভিসার' বলতে কী বোঝায়? সাধারণ অভিসার ও বৈষ্ণবীয় অভিসার-এর পার্থক্য নির্দেশ করুন। এই পর্যায়ে কোন্ পদকর্তা কেন শ্রেষ্ঠ তা দৃষ্টান্ত সহযোগে বিবৃত করুন। ১৫

অথবা

আক্ষেপানুরাগ বলতে কী বোঝায়? এই রসপর্যায়ের কবি হিসাবে চণ্ডীদাস ও জ্ঞানদাসের প্রতিভার তুলনামূলক আলোচনা করুন।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন: ৫×২=১০

(ক) 'রায় কহে আমি নট, তুমি সূত্রধার।
যেমত নাচাহ, তৈছে চাহি নাচিবার॥'

—এই উক্তিতে বক্তার কোন্ পরিচয় প্রকাশ পেয়েছে তা আলোচনা করুন।

(খ) মো-বিষয়ে গোপীগণের উপপতিভাবে।
যোগমায়া করিবেক আপন প্রভাবে॥

—এখানে কে কাকে উপপতি ভাবছেন? উপপতি ভাব কী? যোগমায়ার প্রভাব সেখানে কেন প্রয়োজন?

(গ) 'কৃষ্ণের অনন্ত শক্তি তাতে তিন প্রধান'—কৃষ্ণের অনন্ত শক্তির তিন প্রধান শক্তির স্বরূপ ব্যাখ্যা করুন।

(ঘ) রাধার স্বরূপ কৃষ্ণ প্রেমকল্পলতা।
সখীগণ হয় তার পল্লব পুষ্প পাতা।

—এই পংক্তিকে স্মরণে রেখে গোপীপ্রেম তত্ত্বের স্বরূপ ব্যাখ্যা করুন।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন: ৫×২=১০

(ক) দৃষ্টান্ত সহযোগে বিদ্যাপতির 'ভাবসম্মিলন' পর্যায়ের বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) গৌরাঙ্গ বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পদের পার্থক্য দৃষ্টান্তসহ দেখান।

(গ) 'পূর্বরাগ' পর্যায়ে চণ্ডীদাসের বিশেষত্ব নিরূপণ করুন।

(ঘ) বিদ্যাপতির 'প্রার্থনা' পর্যায়ের বিশেষত্ব দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দিন।

২০০৭

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চাঁদ চরিত্র নির্মাণে ক্ষেমানন্দের কৃতিত্ব আলোচনা করুন। ১৫

অথবা

'লোরচন্দ্রাণী' কাব্যের লোর, চন্দ্রাণী ও বামনকে কেন্দ্র করে যে প্রেমের কাহিনি গ্রথিত হয়েছে তার অভিনবত্ব বিচার করুন।

২। ভারতচন্দ্র ছিলেন রাজসভার কবি। তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যের সম্পর্কে এই মন্তব্য কতটা প্রযোজ্য বিচার করুন। ১৫

অথবা

সমসাময়িক সমাজ জীবনের প্রেক্ষাপটে অন্নদা চরিত্র নির্মাণে ভারতচন্দ্রের কৃতিত্ব আলোচনা করুন।

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন: ৪×৫=২০

(ক) তোমা সবাকার ঘরে আর নাহি সাজে।
সকল ভাজের সঙ্গে নিত্য দ্বন্দ্ব বাজে॥

—বক্তা কে? কার প্রতি এই উক্তি করা হয়েছে? এর ভিতরে কোন নির্মম সত্যটি পরিস্ফুট হয়ে উঠেছে?

(খ) কী কারণে দেব সবে বল এতগুলা ॥
কেবা জানে চাঁদবেনে কে জানে বেহুলা।

—কার উক্তি? বক্তার এই মানসিকতার কারণ ব্যাখ্যা করুন।

(গ) যদি মোরে পূজিবেক ওহে চাঁদবেনে।
হেঁতালের বাড়িগাছি আগে ফেল টেনে॥

—কে, কাকে, কখন একথা বলেছেন? এই উক্তির মধ্য দিয়ে বক্তার কোন্ চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে?

(ঘ) ঈশ্বরী পাটনী এবং হরিহোড় দুজনেই দরিদ্র; কিন্তু একজন প্রসন্ন ও নির্লোভ এবং অপরজন চতুর ও কৌশলী। —এই মন্তব্যের সমর্থনে যুক্তি দিন।

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে ছন্দ ব্যবহারে ভারতচন্দ্রের দক্ষতার পরিচয় দিন।

(চ) 'অন্নদামঙ্গল' কাব্যের হাসি ব্যঙ্গাত্মক ও বৈদগ্ধ্যপূর্ণ। —মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

(ছ) 'লোরচন্দ্রাণী' কাব্যে ময়নাবতী চরিত্রের গুরুত্ব বিচার করুন।

(জ) 'লোরচন্দ্রাণী' কাব্যে চন্দ্রাণীর ধাত্রীমাতার ভূমিকা কী?

২০০৭

বাংলা

সপ্তম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কাব্যের নাম 'মেঘনাদবধকাব্য'। অথচ মেঘনাদ বধের পরও কাব্যের কয়েকটি সর্গ রচিত হয়েছে। ফলে কাব্যের নামকরণের সার্থকতা কোনভাবে ক্ষুণ্ণ হয়েছে কিনা—বুঝিয়ে বলুন। ১৫

অথবা

ভোগবাদী জীবনচেতনার সুর কীভাবে মোহিতলালের কাব্যের প্রধান সুর হয়ে উঠেছে—আলোচনা করুন।

২। জীবনানন্দের কবিতার দুটি পর্ব। একটি নির্জনতার, অন্যটি সমাজ সচেতনতার—আলোচনা করুন। ১৫

অথবা

সুধীন্দ্রনাথ দত্তের কবিতার প্রধান প্রধান বিশিষ্টতাগুলি কী কী? পঠিত কবিতাগুলিতে সেগুলি কীভাবে লক্ষ্য করা যায়—সংক্ষেপে লিখুন।

৩। যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দিন: ৪×৫=২০

(ক) মন্দোদরী চরিত্রটি অঙ্কনে মধুসূদন দত্তের বিশিষ্টতার পরিচয় দিন।

(খ) 'বিসর্জি প্রতিমা যেন দশমী দিবসে।
সপ্তদিবানিশি লঙ্কা কাঁদিলা বিষাদে॥'

—পংক্তি দুটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

(গ) দুটি উদাহরণ দিয়ে জীবনানন্দ দাশের কবিতায় চিত্রকল্প ব্যবহারের বিশিষ্টতা বুঝিয়ে দিন।

(ঘ) সে কেন জলের মতো ঘুরে ঘুরে
একা কথা কয়?

'সে' বলতে কার কথা বলা হয়েছে? তার স্বরূপ ব্যাখ্যা করুন।

(ঙ) 'মোহমুদ্গর' কথাটির অর্থ কী? এই কবিতাটি রচনার উপলক্ষ মনে রেখে এই অর্থের ব্যাখ্যা কীভাবে করা সম্ভব?

(চ) সংক্ষেপে অমিয় চক্রবর্তীর 'বৃষ্টি' কবিতাটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করুন।

(ছ) প্রেমেন্দ্র মিত্রের 'জোনাকি মন' কবিতাটির তাৎপর্য লিখুন।

(জ) বুদ্ধদেব বসুর 'শিল্পীর উত্তর' কবিতার মূল বক্তব্য পরিস্ফুট করুন।

২০০৭

বাংলা

অষ্টম পাঠক্রম

(নূতন পাঠক্রম অনুসারে)

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৫০

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'সাজাহান' নাটকে ঔরঙ্গজেব চরিত্র রচনায় নাট্যকারের কৃতিত্বের পরিচয় দিন। ১৫

অথবা

'নবান্ন' নাটকে একটি গ্রামকে নাটকের মুখ্য ভূমিকায় স্থাপন করে নাট্যকার সমষ্টি জীবনের প্রতিরোধের চিত্র অঙ্কন করেছেন।—আলোচনা করুন।

২। 'তপস্বী ও তরঙ্গিণী' নাটকটি পুরাণের কাহিনী নিয়ে গড়ে তোলা হলেও সেটি একটি আধুনিক নাটক।—আলোচনা করুন। ১৫

অথবা

'চাঁদ বণিকের পালা' নাটকে 'বেহুলা' ও 'সনকা' চরিত্র দুটির আলোচনা করে এদের মাধ্যমে নাট্যকারের দুটি উদ্দেশ্য সাধিত হয়েছে কিনা দেখান।

৩। যে কোনো চারটি প্রসঙ্গ আলোচনা করুন: ৪×৫=২০

(ক) "এসো বেরিয়ে এসো দর্পণের গভীর থেকে—বেরিয়ে এসো আমার সেই মুখ!" —কার কোন মুখের কথা এখানে বলা হয়েছে? সে মুখের রূপ কীরকম—আলোচনা করুন।

(খ) ঋষ্যশৃঙ্গের জীবনে রাজকুমারী ও তরঙ্গিণী এই দুই নারীর ভূমিকা কী ছিলো আলোচনা করুন।

(গ) 'নবান্ন' নাটকে প্রতিকূল সময়ের প্রেক্ষাপট রচনা করতে নাট্যকার কী কৌশল অবলম্বন করেছেন?

(ঘ) 'সাজাহান' নাটকের শেষ দৃশ্যে সাজাহান চরিত্রের রূপটি কীরকম?

(ঙ) "এ তোমার জয় নয় ঔরঙ্গজীব! এ তোমার পরাজয়।" —উক্তিটি কার? কেন একথা বলা হল?

(চ) 'নবান্ন' নাটকের অভিনবত্ব বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন।

(ছ) 'চাঁদ বণিকের পালা' নাটকে কে বলেছে—"তুমি তো কেবল তোমার নিজের নও।—তুমি মানুষের কল্পনার।" —এ কথা কেন বলা হয়েছে?

(জ) যন্ত্রণা দগ্ধ চাঁদ জীবনে দুটো পথ খোলা দেখতে পেয়েছিল। সেই পথ দুটি কী কী? এর কোনো পথ সে অবলম্বন করেছিল কী? নাকি অন্য কোন পথ তার অন্বিষ্ট ছিল?

———